

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মান্দা, নওগাঁ।  
<http://manda.naogaon.gov.bd>

স্মারক নং- ০৫.৪৩.৬৪৪৭.০০.০০০.১৪-১৯৩৫

তারিখঃ ২৭/১১/২০১৪ খ্রিঃ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১০/১১/২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩.১০৬৭ নম্বর স্মারক মূলে প্রদত্ত ছাড়পত্রের আলোকে নওগাঁ জেলার মান্দা উপজেলা পরিষদ কার্যালয়ের নিম্নবর্ণিত পদে দৈনিক নির্ধারিত মুজুরীর ভিত্তিতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা
০১	সুইপার	০১ (এক) টি	সরকার নির্ধারিত হারে দৈনিক চুক্তিতে	অষ্টম শ্রেণী পাশ

**শর্তাবলী :**

- (১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- (২) আবেদনকারীকে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মান্দা, নওগাঁকে সমোখন করে আবেদন করতে হবে। আবেদন পত্র আগামী ১৭/১২/২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় মান্দা, নওগাঁ বরাবর সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে।
- (৩) আবেদনকারী প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্ত : (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ১৭/১২/২০১৪ খ্রিঃ তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) বৈবাহিক অবস্থা, (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে)
- (৪) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে, (চ) প্রার্থীকে স্বহস্তে আবেদন লিখতে হবে।
- (৫) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে তার পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- (৬) আবেদনপত্রের সাথে, (ক) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি, (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পালপোর্ট সাইজের রসিন ছবি, (গ) একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি, (ঘ) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, (ঙ) জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি, (চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে), (ছ) প্রার্থী কোন বিশেষ কোটার প্রার্থী হলে এ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র সংযুক্ত করতে হবে, (জ) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাক টিকেট যুক্ত ৪.৫ ইঞ্চি x ১০ ইঞ্চি সাইজের আবেদনকারীর ঠিকানা সম্বলিত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- (৭) প্রার্থীর বয়স ১৭/১২/২০১৪ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে ১৮ থেকে ৩২ বছর পর্যন্ত বয়স শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।
- (৮) বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (৯) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিমালা অনুসরণ করা হবে।
- (১০) চাকরির জন্য সরকারের নির্ধারিত কোটা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- (১১) অসম্পূর্ণ, ভ্রষ্টপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- (১২) আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উপস্থাপন করা যাবে না।
- (১৩) কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (১৪) প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (১৫) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

শাহানা আখতার জাহান  
উপজেলা নির্বাহী অফিসার  
মান্দা, নওগাঁ।

২৭.১১.১৪